গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
উন্নয়ন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

নম্বর: ২৮.০০.০০০০.০৩৪.০৭.০১৫.২২.৫৩০/১

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩০ / ০৮ মে ২০২৩

বিষয়: 'মাসিক ভিত্তিতে কূপ খনন কাজ মনিটরিং' কমিটির এপ্রিল ২০২৩ মাসের পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

সূত্র: প্রশাসন-২ অধিশাখার অফিস আদেশ নং-২৮.০০.০০০০.০২৪.৪৫.০০১.২১.১০০, তারিখ: ২২-০২-২০২২

২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'মাসিক ভিত্তিতে কূপ খনন কাজ মনিটরিং' কমিটির এপ্রিল ২০২৩ মাসের পরিদর্শন প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

মোছাঃ মোর্শেদা ফেরদৌস
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৯০৬৫৮
e-mail: dsdev3@emrd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার, কারওয়ান বাজার, ঢাকা
২। যুগ্মসচিব, প্রশাসন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩। ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, কাওরান বাজার, ঢাকা

নম্বর: ২৮.০০.০০০০.০৩৪.০৭.০১৫.২২.৫৩০/১

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩০ / ০৮ মে ২০২৩

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২। প্রোগ্রামার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৫। যুগ্মসচিব (অপারেশন-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

০৮/০৫/২০২৩

মোছাঃ মোর্শেদা ফেরদৌস
উপসচিব

বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত ‘মাসিক ভিত্তিতে কূপ খনন কাজ মনিটরিং কমিটি’-এর এপ্রিল ২০২৩ মাসের প্রতিবেদন

## বিষয়: বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'মাসিক ভিত্তিতে কূপ খনন কাজ মনিটরিং কমিটি'র এপ্রিল ২০২৩ মাসের প্রতিবেদন

১। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে
মনিটরিং কার্যক্রম সম্পাদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অফিস আদেশ নম্বর:
২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.১৩৮ তারিখ ২২-০৩-২০২৩ এর মাধ্যমে মাসিক ভিত্তিতে কূপ খনন কাজ
মনিটরিংয়ের জন্য কমিটি পুনর্গঠন করা হয়। কার্যপরিধি অনুযায়ী কমিটি উক্ত কার্যক্রমের ওপর প্রতিমাসে অন্তত একটি
প্রতিবেদন দাখিলসহ ২০২২-২৩ অর্থ-বছরের এপিএ'র নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনে সুপারিশ প্রদান করবে।

২। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি এর সভাপতিত্বে ২৬-০৪-
২০২৩ তারিখে ২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'মাসিক ভিত্তিতে কূপ খনন
কাজ মনিটরিং কমিটি'-এর একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সংশ্লিষ্ট কোম্পানিসমূহ হতে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে ২০২২-
২৩ অর্থ-বছরে পেট্রোবাংলার কোম্পানিসমূহের অধীনে বাস্তবায়নাধীন কূপ খনন সংক্রান্ত প্রকল্পসমূহের অগ্রগতি
পর্যালোচনা করা হয়।

৩। পেট্রোবাংলার কোম্পানিসমূহের অধীনে বাস্তবায়নাধীন কূপ খনন সংক্রান্ত প্রকল্পসমূহ বিস্তারিত আলোচনা শেষে সভায়
নিম্নরূপ সুপারিশসমূহ গৃহীত হয়:

কৈলাশটিলা-৮ নং (অনুসন্ধান কূপ) খনন প্রকল্পের ভূমি উন্নয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করে রিগ শিডিউল
(ক) অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে Spud-in শুরু করার লক্ষ্যে সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করতে হবে;
কৈলাশটিলা-৮ নং (অনুসন্ধান কূপ) খনন প্রকল্পের তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা গ্রহণ কাজ ত্বরান্বিত
(খ) করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;
কৈলাশটিলা-২নং কূপের ওয়ার্কওভার কাজ শেষে দ্রুত উৎপাদনে আনার লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করতে হবে:
(গ) কৈলাশটিলা-২, রশিদপুর-২, রশিদপুর-৫ ও সিলেট-৭নং কূপ ওয়ার্কওভার প্রকল্পের ক্রয় কার্যক্রম দ্রুত
(ঘ) সম্পন্ন করতে হবে:
সিলেট-১০ নং কূপটিতে মে ২০২৩ নাগাদ Spud-in শুরু করার বিষয়টি নিশ্চিত করতে হবে এবং
(ঙ) আনুষঙ্গিক অন্যান্য কাজসমূহ যেমন: ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ এবং সংযোগ রাস্তা নির্মাণ কাজ দ্রুত
(চ) সম্পন্ন করে কর্মপরিকল্পনা অনুযায়ী সুন্দলপুর-৩ ও বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট) কূপ খনন কাজ শুরু করার
লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

০৭.০৫.২৩

মাসুদ জামান
উপ-মহাব্যবস্থাপক
প্লানিং এন্ড মনিটরিং ডিভিশন
পেট্রোবাংলা
ও
সদস্য-সচিব
সংশ্লিষ্ট কমিটি।

০৭/০৫/২০২৩

মোছা: মোর্শেদা ফেরদৌস
উপ-সচিব (উন্নয়ন-৩)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য
সংশ্লিষ্ট কমিটি।

০৭/০৫/২০২৩

মোহা: নায়েব আলী
যুগ্ম-সচিব (অপারেশন-২)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য
সংশ্লিষ্ট কমিটি।

০৭/০৫/২৩

মোঃ হুমায়ুন কবীর
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহবায়ক
সংশ্লিষ্ট কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
পরিকল্পনা-২ শাখা
www.emrd.gov.bd

**বিষয়: ২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'মাসিক ভিত্তিতে কূপ খনন কাজ মনিটরিং কমিটি'-এর এপ্রিল ২০২৩ মাসের পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

**সভাপতি** : মোঃ হুমায়ুন কবীর
অতিরিক্ত সচিব (উন্নয়ন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি।

**তারিখ** : **২৬-০৪-২০২৩ খ্রি.**

**সময়** : **বেলা ১২:০০ ঘটিকা**

**স্থান** : **কক্ষ নং-১০৫, অতিরিক্ত সচিব(উন্নয়ন)-এর অফিস কক্ষ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: সংযুক্তি-১ দ্রষ্টব্য।**

২.০। আলোচনা:

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ২০২২-২৩ অর্থ-বছরে পেট্রোবাংলার কোম্পানিসমূহের অধীনে বাস্তবায়নাধীন কূপ খনন সংক্রান্ত প্রকল্পসমূহের অগ্রগতি আলোচনা করা হয়। সংশ্লিষ্ট কোম্পানিসমূহ হতে প্রাপ্ত কূপ খনন সংক্রান্ত বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের সর্বশেষ অগ্রগতি নিম্নরূপ:

| বাস্তবায়নকারী প্রতিষ্ঠান | প্রকল্পের নাম | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) | সিলেট-৮, বিয়ানীবাজার-১ ও কৈলাশটিলা-৭ নং কূপ ওয়ার্কওভার | এসজিএফএল হতে জানা যায়, প্রকল্পটির মূল কাজ হচ্ছে ০৩টি কূপের ওয়ার্কওভার কাজ সম্পাদন করা।<br>প্রকল্পের অগ্রগতি:<br>সিলেট-৮নং কূপের ওয়ার্কওভার কাজ ০৮-০১-২০২২ তারিখে, কৈলাশটিলা-৭ নং কূপের ওয়ার্কওভার কাজ ০৭-০৫-২০২২ তারিখে এবং বিয়ানীবাজার-১নং কূপের ওয়ার্কওভার কাজ ২৮-১১-২০২২ তারিখে সম্পন্ন হয়। বর্তমানে কূপসমূহ উৎপাদনে আছে। |
| সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) | কৈলাশটিলা ৮ নং কূপ (অনুসন্ধান কূপ) খনন | এসজিএফএল হতে জানা যায়, প্রকল্পটির মূল কাজ হচ্ছে গ্যাস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৈলাশটিলা স্ট্রাকচারে ২৫০০(±) ৫০ মিটার গভীরতায় গ্যাস কূপ হিসাবে একটি অনুসন্ধান কূপ (কৈলাশটিলা-৮) খনন করা এবং ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন, তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা সংগ্রহ, খনন মালামাল ক্রয়।<br>প্রকল্পের অগ্রগতি:<br>• ভূমি অধিগ্রহণ: সিলেট ডিসি অফিস কর্তৃক ৮(৩) ধারা নোটিশ জারি করা হয়েছে। ডিসি অফিস কর্তৃক জমির মালিকানা হস্তান্তর করা হয়েছে।<br>• ভূমি উন্নয়ন, রিগ ফাউন্ডেশন, সীমানা প্রাচীর নির্মাণ ও অন্যান্য পূর্তকাজ: ভূমি উন্নয়ন, রিগ ফাউন্ডেশন, সীমানা প্রাচীর নির্মাণ ও অন্যান্য পূর্তকাজ সম্পাদনের নিমিত্ত আহবানকৃত দরপত্রের বিপরীতে প্রাপ্ত দরপত্র মূল্যায়ন করতঃ চুক্তি সম্পাদনে সিসিজিপি'র অনুমোদন গ্রহণপূর্বক নির্বাচিত সর্বনিম্ন দরপত্রদাতার সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে। ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে যৌথ জরিপ সম্পন্ন করা হয়েছে। ০৪-০৮-২০২২ তারিখে প্যালিসেডিং এর মাধ্যমে ভূমি উন্নয়ন, এইচবিবি রোড ও বক্স কালভার্ট নির্মাণ, রিগ ফাউন্ডেশন, বাউন্ডারী নির্মাণসহ অন্যান্য পূর্ত নির্মাণ কাজ শুরু হলেও রাস্তার কিছু অংশসহ মূল ভূমিতে পানি থাকায় মাটি ভরাটের কাজ যথাসময়ে শুরু করতে না পারায় ভূমি উন্নয়নের কাছ কিছুটা ব্যাহত হয়েছে। বর্তমানে ভূমি উন্নয়ন ও রিগ ফাউন্ডেশন নির্মাণ কাজসহ অন্যান্য পূর্ত কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে ভূমি উন্নয়নের ৭২%, কালভার্ট নির্মাণের ৯০%, এইচবিবি রোড ৫৫%, বাউন্ডারী ওয়াল ৯৫% এবং রিগ ফাউন্ডেশন এর কাজ ৪৮% সম্পন্ন হয়েছে।<br>• ইআইএ: পরিবেশ অধিদপ্তর হতে পরিবেশগত ছাড়পত্র পাওয়া গেছে। |

| | | |
|---|---|---|
| | | • বৈদেশিক পরামর্শক সেবা: মেসার্স Rich Spread Group Limited এর সাথে ০৭-১১-২০২১ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।<br>• মালামাল ক্রয়: দুই লট খনন মালামাল (ডাউন হোল কমপ্লিশন ইক্যুপমেন্ট এবং মাড ও কমপ্লিশন কেমিক্যাল) ক্রয়ের লক্ষ্যে আহবানকৃত দরপত্র মূল্যায়ন করতঃ সিসিজিপির অনুমোদন পাওয়া গেছে। খসড়া চুক্তি সম্পন্ন হয়েছে। খনন মালামাল এবং সিমেন্ট ও রাসায়নিক সামগ্রী সরবরাহকারী প্রতিষ্ঠানের বিপরীতে এলসি খোলা হয়েছে। ১৫-০৪-২০২৩ তারিখ হতে রাসায়নিক সামগ্রীর জাহাজীকরণ শুরু হয়েছে।<br>• তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা: ৬টি তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা সংগ্রহের লক্ষ্যে নির্বাচিত ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হয়েছে। ৬টি তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা সংগ্রহের লক্ষ্যে ৫টি সেবার জন্য ঠিকাদার প্রতিষ্ঠানের অনুকূলে এলসি খোলা হয়েছে। স্লিক লাইন অপারেশনের জন্য এলসি খোলার কাজ প্রক্রিয়াধীন আছে। পিপিসি সভার সিদ্ধান্তের আলোকে কূপের গভীরতা বৃদ্ধির বিষয়ে ক্রয় বিশেষজ্ঞের মতামত সাপেক্ষে ৫টি তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা সংগ্রহের লক্ষ্যে চুক্তিবদ্ধ ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে ইতঃপূর্বে সম্পাদিত চুক্তি মূল্য পুনঃনির্ধারণে গঠিত কারিগরি উপ-কমিটির মাধ্যমে দরকষাকষি সম্পাদনপুর্বক মুল্যায়ন প্রতিবেদন পিপিসির আহবায়ক মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে। ২৮-০৩-২০২৩ তারিখে অনুষ্ঠিত এসজিএফএল বোর্ড সভায় উপস্থাপন করা হলে কতিপয় বিষয় স্পষ্টিকরণ করতঃ পরবর্তী বোর্ডে উপস্থাপন করার নির্দেশনা প্রদান করা হয়। বর্তমানে আরডিপিপি প্রণয়নের কাজ চলমান আছে। আরডিপিপি অনুমোদনের পর সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদন গ্রহণপুর্বক ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে সংশোধিত চুক্তিমূল্যে পুনঃচুক্তি সম্পাদন করা হবে।<br>• ড্রিলিং অপারেশন: খনন অপারেশনসহ মাড ইঞ্জিনিয়ারিং ও মাড লগিং সার্ভিস, টেস্টিং সার্ভিস-সহ স্লিক লাইন ইউনিট প্রদান বিষয়ে ১৪-১২-২০২১ তারিখে বাপেক্সের সাথে খসড়া চুক্তি সম্পন্ন হয়েছে। ১২-০৯-২০২২ ও ১৩-০৯-২০২২ তারিখে এসজিএফএল ও বাপেক্স এর দ্বিপাক্ষিক সভায় চুক্তি মূল্য বিষয়ে ঐকমত্য হয়েছে। আরডিপিপি অনুমোদনের পর সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদন গ্রহণপুর্বক সংশোধিত চুক্তিমূল্যে পুনঃচুক্তি সম্পাদন করা হবে। বাপেক্সের পরিবর্তিত রিগ সিডিউল অনুযায়ী আগষ্ট ২০২৩ মাসে কূপের স্পাড-ইন কার্যক্রম শুরু করা যাবে।<br>• গ্যাস গ্যাদারিং পাইপ লাইন: কূপ খনন শেষে গ্যাস প্রাপ্তি সাপেক্ষে ১.৩ কিলোমিটার দৈর্ঘ্য বিশিষ্ট গ্যাস গ্যাদারিং পাইপ লাইন স্থাপন করা হবে। |
| সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) | কৈলাশটিলা-২, রশিদপুর-২, রশিদপুর-৫, সিলেট-৭নং কূপ ওয়ার্কওভার প্রকল্প | এসজিএফএল হতে জানা যায়, ০৪টি কূপের ওয়ার্কওভার কাজ সম্পাদনের মাধ্যমে গ্যাস উৎপাদন বৃদ্ধি করে দেশের ক্রমবর্ধমান জ্বালানি চাহিদার আংশিক পূরণ করা প্রকল্পটির উদ্দেশ্য। হয়।<br>প্রকল্পের অগ্রগতি:<br>• বৈদেশিক পরামর্শক সেবা: বৈদেশিক পরামর্শক নিয়োগের লক্ষ্যে কারিগরি মূল্যায়ন সম্পন্ন হয়েছে। আর্থিক মূল্যায়ন এসজিএফএল এর পরবর্তী বোর্ড সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।<br>• ইআইএ: ইআইএ সম্পাদনের নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠান মেসার্স Adroit Environment Consultants Ltd. (AECL) এর সাথে ১৪-০৩-২০২৩ তারিখে চুক্তি স্বাক্ষর করা হয়।<br>• তৃতীয় পক্ষীয় সেবা গ্রহণ: সিমেন্টিং, লগিং, ডিএসটি ও স্লিকলাইন সংক্রান্ত ২৫-০৪-২০২৩ তারিখে NoA জারি করা হয়েছে।<br>• ওয়ার্কওভার অপারেশন সেবা: ০৬-১১-২০২২, ০১-১২-২০২২ এবং ১৮-০১-২০২৩ তারিখে ওয়ার্কওভার অপারেশন সংক্রান্তে বাপেক্স ও এসজিএফএল এর মধ্যে দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। সম্পাদিতব্য চুক্তি অনুমোদনের লক্ষ্যে বোর্ড কার্যপত্র প্রণয়ন করা হয়েছে। কৈলাশটিলা-২নং কূপ এলাকায় বাপেক্স কর্তৃক কিছু সংখ্যক ক্যারাভ্যান স্থাপন করা হয়েছে।<br>• রিগ ফাউন্ডেশন মডিফিকেশন: কৈলাশটিলা-২নং কূপের রিগ ফাউন্ডেশন মডিফিকেশনের |

| | | |
|---|---|---|
| | | জন্য ০৯-০২-২০২৩ তারিখে চুক্তি স্বাক্ষর করা হয়। সিলেট-৭নং কূপের রিগ ফাউন্ডেশন মডিফিকেশনের জন্য ১৩-০৩-২০২৩ তারিখে চুক্তি স্বাক্ষর করা হয়। রশিদপুর-২নং রিগ ফাউন্ডেশন মোডিফিকেশন সংক্রান্ত পুন:দরপত্রের বিপরীতে প্রাপ্ত দরপ্রস্তাবসমূহ ২৮-০৩-২০২৩ তারিখে উন্মুক্ত করা হয়; মূল্যায়ন কাজ সম্পন্ন হয়েছে।<br>• মালামাল ক্রয়/সংগ্রহ: লট-১ (ডাউনহোল ইকুইপমেন্ট) এর আর্থিক মূল্যায়ন এসজিএফএল এর পরবর্তী বোর্ড সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। লট-২ (মাড কেমিক্যালস) এর চুক্তি সম্পাদনের নিমিত্ত ৩০-০৩-২০২৩ তারিখে NoA জারি করা হয়েছে। লট-৩ (মিলিং টুলস) এর জন্য ২৩-০২-২০২৩ তারিখে চুক্তি সম্পাদন করা হয়েছে। লট-৪ (ওয়েলহেড এন্ড এক্সমাস ট্রি) এর আর্থিক মূল্যায়ন এসজিএফএল এর পরবর্তী বোর্ড সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। লট-৫ (টিউবিং) এর কারিগরি মূল্যায়ন অনুমোদিত হয়েছে; ২৭-০৪-২০২৩ তারিখে আর্থিক প্রস্তাব খোলা হবে। লট-৭ (ব্রিজ প্লাগ) এর জন্য ২৩-০২-২০২৩ তারিখে চুক্তি সম্পাদন করা হয়েছে। |
| সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) | সিলেট-১০ নং কূপ (অনুসন্ধান কূপ) খনন প্রকল্প | এসজিএফএল হতে জানা যায়, প্রকল্পটির মূল কাজ হচ্ছে গ্যাস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সিলেট স্ট্রাকচারে ৩৩০০ মিটার গভীরতায় গ্যাস কূপ হিসাবে একটি অনুসন্ধান কূপ (সিলেট-১০) খনন করা এবং ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন, তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা সংগ্রহ, খনন মালামাল ক্রয়, বৈদেশিক পরামর্শক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নিয়োগ।<br>প্রকল্পের অগ্রগতি:<br>• ভূমি অধিগ্রহণ: প্রকল্পের ৮.৪৮১ একর জমি অধিগ্রহণ কাজ সম্পন্ন হয়েছে।<br>• ইআইএ: পরিবেশ অধিদপ্তর হতে পরিবেশগত ছাড়পত্র পাওয়া গেছে।<br>• বৈদেশিক পরামর্শক সেবা: মেসার্স Rich Spread Group Limited এর সাথে ০৭-১১-২০২১ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।<br>• কূপ খনন কার্যক্রম: প্রকল্পের আওতায় টার্ন-কি ভিত্তিতে কূপ খনন অপারেশন, মালামাল সরবরাহ, তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা, ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ কাজের জন্য সিসিজিপি'র অনুমোদনক্রমে নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্ঠান Sinopec International Petroleum Service Corporation, China-এর সাথে ০৭-০৯-২০২২ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। সিলেট জেলা প্রশাসকের কার্যালয়ের প্রতিনিধিদল এসজিএফএল এর অনুকূলে অধিগ্রহণকৃত ভূমির দখল হস্তান্তর করার পর ২৯-০৯-২০২২ তারিখে টার্ন-কী ঠিকাদারকে উক্ত সাইট হস্তান্তর করা হয়। ঠিকাদার Sinopec, China প্রকল্প সাইটের ভূমি উন্নয়ন, সংযোগ সড়ক ও পূর্ত নির্মাণ কাজের জন্য Avant Logistics Limited, Dhaka, Bangladesh-কে Subcontractor হিসেবে নিয়োজিত করেছে। ১৭-১০-২০২২ তারিখে ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে Kick-off মিটিং অনুষ্ঠিত হয়েছে। টার্ন-কি ঠিকাদারের মাধ্যমে প্রকল্পের সংযোগ সড়ক নির্মাণ ও কূপ লোকেশনের ভূমি উন্নয়ন কাজের প্রায় ৯৫% সম্পন্ন হয়েছে। চলমান ২টি গভীর নলকূপ স্থাপন কাজের ইতোমধ্যে একটির স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। রিগ ফাউন্ডেশন, মাড পাম্প ফাউন্ডেশন, জেনারেটর, মাড ট্যাংক ও বিবিধ মেশিনারী ফাউন্ডেশন, মাড পিট ইত্যাদির পূর্ত নির্মাণ কাজের প্রায় ৫০% সম্পন্ন হয়েছে। ২টি কালভার্ট নির্মাণের স্ট্রাকচারাল ডিজাইন প্রণয়ন কাজ সম্পন্ন করে সে অনুযায়ী ফাউন্ডেশন নির্মাণের জন্য পাইল ড্রাইভ এর কাজ চলমান আছে, উক্ত স্থানগুলোতে ডাইভারশন রাস্তা নির্মাণ করা হয়েছে। খনন ঠিকাদার কর্তৃক ভূমি উন্নয়ন, সংযোগ সড়ক ও পূর্ত নির্মাণ কাজসমূহ সম্পন্ন করে মে ২০২৩ এর মধ্যে কূপ খনন কাজ শুরু করার জন্য কর্মপরিকল্পনা প্রস্তুত করে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। খনন মালামালসমূহ প্রস্তুতের কাজ সম্পন্ন হয়েছে। খনন মালামাল/যন্ত্রপাতির চালানসমূহ ০৮-০৩-২০২৩ তারিখে চায়না হতে জাহাজীকরণ করা শুরু হয়েছে এবং ইতোমধ্যে দুইটি চালান চট্টগ্রাম বন্দরের মাধ্যমে খালাস করা সম্পন্ন হয়েছে। ঠিকাদারের অনুকূলে ঋণপত্র (LC) খোলার নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। কূপ খনন অপারেশনের জন্য ব্যবহৃতব্য রিগ ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ইতোমধ্যে প্রকল্প এলাকার অদূরে সিলেট-৮নং কূপ লোকেশনে আনা হয়েছে। বর্তমানে উক্ত রিগ ও যন্ত্রপাতির রক্ষনাবেক্ষণ কাজ চলছে।<br>• গ্যাস গ্যাদারিং পাইপলাইন নির্মাণ: গ্যাস গ্যাদারিং পাইপলাইন নির্মাণের জন্য সড়ক ও জনপথ অধিদপ্তরের সিলেট-তামাবিল মহাসড়কের রাইট অফ ওয়ে ব্যবহারের অনুমোদনের জন্য সড়ক বিভাগ, সিলেট বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। গ্যাস প্রাপ্তি সাপেক্ষে ৪ ইঞ্চি ব্যাসের প্রায় ৬ কি.মি. দৈর্ঘ্যের হাই প্রেসার গ্যাস গ্যাদারিং পাইপ লাইন |

| | | |
|---|---|---|
| | | নির্মাণের জন্য মালামাল সরবরাহ, পাইপ লাইন নির্মাণ, টেস্টিং ও কমিশনিং কাজের জন্য স্থানীয় ঠিকাদার নিয়োগের লক্ষ্যে প্রণীত খসড়া দরপত্র দলিল অনুমোদনের নিমিত্ত এসজিএফএলএর পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করা হবে। |
| বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) | বাপেক্স এর ২টি অনুসন্ধান কূপ (টবগী-১, ইলিশা-১) ও ১টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (ভোলা নর্থ-২) খনন | বাপেক্স হতে জানা যায়, প্রকল্পটির মূল কাজ হচ্ছে ভূমি অধিগ্রহণ, উন্নয়ন, পূর্তকাজ, টার্ন-কী ভিত্তিতে বৈদেশিক মালামাল ক্রয়, ৩য় পক্ষীয় সেবা সংগ্রহ, কূপ খনন ও পরীক্ষণ (ভোলা)।<br>প্রকল্পের অগ্রগতি:<br>• টবগী-১ কূপটিতে ৩৫২৪ মিটার গভীরতায় সফলভাবে কূপ খনন কার্যক্রম সম্পন্ন হয়েছে। টেস্টিং কার্যক্রমে উক্ত কূপ হতে দৈনিক ২০ (+/-) মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদনের সম্ভাবনা পরিলক্ষিত হয়েছে।<br>• ২৩-০১-২০২৩ তারিখ প্রকল্পের ভোলা নর্থ-২ কূপ সফল খনন পরবর্তী ডিএসটি, টেস্টিং পরবর্তী উক্ত কূপ হতে দৈনিক ২০.৫০ (+/-) মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদনের সম্ভাবনা পরিলক্ষিত হয়েছে।<br>• ১৪-০৪-২০২৩ তারিখে প্রকল্পের ৩য় ও সর্বশেষ কূপ ইলিশা-১ কূপ এর সফল খনন সমাপ্ত পরবর্তী ২৮-০৪-২০২৩ তারিখে ১ম ডিএসটি, টেস্টিং পরবর্তী উক্ত কূপ হতে নতুন গ্যাস স্তর আবিষ্কারসহ উক্ত জোন হতে দৈনিক ১৪.৫০ (±) মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদনের সম্ভাবনা পরিলক্ষিত হয়েছে। অপর জোনে ডিএসটি, টেস্টিং ও চূড়ান্ত উৎপাদনের সম্ভাবনা পরিলক্ষিত হয়েছে। অপর জোনে ডিএসটি, টেস্টিং ও চূড়ান্ত কমপ্লিশন কার্যক্রম সম্পন্ন করে পরবর্তী উক্ত কূপ হতে গ্যাস ফ্লো সংক্রান্ত চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করা হবে। |
| বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) | শরীয়তপুর-১ অনুসন্ধান কূপ খনন প্রকল্প | বাপেক্স হতে জানা যায়, প্রকল্পটির মূল কাজ হচ্ছে ভূমি উন্নয়ন, পূর্ত নির্মাণ সম্পন্নকরণ, স্থানীয় ও বৈদেশিক মালামাল/যন্ত্রপাতি ক্রয়, তৃতীয় পক্ষীয় সেবা গ্রহণ এবং শরীয়তপুর -১ অনুসন্ধান কূপ খনন, টেস্টিং ও কমপ্লিশন সম্পন্নকরণ।<br>প্রকল্পের অগ্রগতি:<br>• **ভূমি অধিযাচন**: ৬ একর ৪৯.ভূমি অধিযাচন সম্পন্ন হয়েছে।<br>• **ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ**: **ভূমি উন্নয়ন**, সংযোগ সড়ককালভার্ট , নির্মাণ ও বিভিন্ন পূর্ত কাজ **সম্পন্ন হয়েছে।**<br>• বৈদেশিক মালামাল/যন্ত্রপাতি ক্রয়: বিভিন্ন প্যাকেজ এর মালামাল আমদানি করা হয়েছে (ওয়েল কমপ্লিশন যন্ত্রপাতি, ওয়েল হেড, মাড কেমিক্যালস, ড্রিল বিট (১ লট), ব্রাইন ফিলট্রেশন ইউনিট, কেসিং এক্সেসরিজ ও লাইনার হ্যাঙ্গার, মাডলগিং ইউনিট, মেকানিক্যাল স্পেয়ার্স (১ লট), ওয়েল কন্ট্রোল যন্ত্রপাতি, ড্রিল ষ্ট্রিং কমপোনেন্ট, হাইড্রলিক কেসিং টং, সিমেন্ট, সিমেন্ট এডিটিভস, মেকানিক্যাল/মাড পাম্প স্পেয়ার্স (১ লট), বিবিধ খনন যন্ত্রপাতি, ইলেকট্রিক্যাল স্পেয়ার্স, ওয়েল সার্ভিসিং টুলস) আমদানি করা রয়েছে।<br>• তৃতীয় পক্ষীয় সেবা গ্রহণ: ৪টি প্যাকেজ এর এলসি স্থাপন করা হয়েছে (ওয়্যারলাইন লগিং, সিমেন্টেশন, ডিএসটি-স্লিক লাইন ও টপ ড্রাইভ রিপেয়ারিং) এবং কূপ খননকালে লগিং, সিমেন্টেশন ও টপ ড্রাইভ সেবা গ্রহণ করা হয়েছে।<br>• কূপ খনন কার্যক্রম: ০৫-১১-২০২৩ তারিখে খনন শুরু করে লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩৩০০ মিটার গভীরতা পর্যন্ত খনন কাজ সম্পন্ন হয়েছে। ওয়্যার লাইন লগিং, VSP, ইমেজ লগ ইত্যাদি কার্যক্রম সম্পন্ন হয়েছে। গ্যাস পাওয়া না যাওয়ায় বাপেক্স এর কারিগরি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ৭ ইঞ্চি কেসিং স্থাপন ও সিমেন্টেশন জব না করে কূপ প্লাগ এন্ড অ্যাবানডান করা হয়েছে। |
| বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) | ১টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল নর্থ-১এ) এবং ২টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (সুন্দলপুর-৩ ও বেগমগঞ্জ-৪ (ওয়েষ্ট) খনন প্রকল্প | বাপেক্স হতে জানা যায়, প্রকল্পটির মূল কাজ হচ্ছে ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ; স্থানীয় ও বৈদেশিক মালামাল/যন্ত্রপাতি, সরঞ্জাম এবং অন্যান্য মালামাল ক্রয় করা; তৃতীয় পক্ষীয় সেবা গ্রহণ এবং "শ্রীকাইল নর্থ-১এ" অনুসন্ধান কূপ এবং সুন্দলপুর-৩ ও বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট) মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খনন, টেষ্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা।<br>প্রকল্পের অগ্রগতি:<br>• ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ: "শ্রীকাইল নর্থ -১এ" অনুসন্ধান কূপ খননের লক্ষ্যে ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। সুন্দলপুর-৩ কূপের বিপরীতে ৬.১৪ একর ও বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট) কূপের বিপরীতে ৫.৪৭ একর ভূমি হুকুম দখলের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় কর্তৃক ২১-০৪-২০২২ তারিখে অনুমোদন প্রদান করা হয়। সুন্দলপুর-৩ কূপ খনন এলাকার ভূমি উন্নয়ন এবং সংযোগ রাস্তার ভূমি উন্নয়নের জন্য ০২টি চুক্তি সম্পাদিত হয়েছে এবং ওয়ার্ক অর্ডার প্রদান করা হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠানের ২৯-১১-২০২২ |

| | | |
|---|---|---|
| | | তারিখ হতে কাজ শুরু হয়েছে। কূপের সংযোগ রাস্তা নির্মাণ ও রিগ ফাউন্ডেশন এর কাজ ১০০% এবং খনন এলাকার ভূমি উন্নয়ন ৭৫% সম্পন্ন হয়েছে। বেগমগঞ্জ-৪ কূপের বিপরীতে ৫.৪৭৫৫ একর ভূমি হুকুম দখল, সয়েল টেষ্ট, কূপের ভূমি উন্নয়ন, মাড পিট ও vsp পিট খনন এবং প্যালাসাইডিং নির্মাণের জন্য দরপত্র মূল্যায়ন শেষে NoA ইস্যু করা হয়েছে।<br>• ইআইএ: পরিবেশ অধিদপ্তর হতে ০৭-০৭-২০২২ তারিখে পরিবেশগত ছাড়পত্র পাওয়া গেছে।<br>• কূপ খনন, টেষ্টিং ও কমপ্লিশন কাজ: "শ্রীকাইল নর্থ-১এ" অনুসন্ধান কূপ খননের লক্ষ্যে ২৭-০৬-২০২২ তারিখে Spud-in করা হয়েছে। উক্ত কূপে ৩৫৮৪ মিটার গভীরতায় খনন কাজ সম্পন্ন হয়েছে। জুন, ২০২৩ নাগাদ বিজয়-১০ রিগ ব্যবহার করে সুন্দলপুর-৩ কূপ এবং নভেম্বর,২০২৩ নাগাদ বেগমগঞ্জ-৪ কূপের খনন কাজ শুরু করার পরিকল্পনা রয়েছে।<br>• স্থানীয় ও বৈদেশিক মালামাল ক্রয়: প্রকল্পের পণ্যের ১২ টি প্যাকেজের এলসি স্থাপন সম্পন্ন শেষে ০৪টি প্যাকেজের মালামাল চট্টগ্রাম বন্দরে পৌঁছেছে, ০১ টি প্যাকেজের এলসি স্থাপন প্রক্রিয়াধীন, ০২ টি প্যাকেজের মূল্যায়ন শেষে পুন: দরপত্র আহবান করা হয়েছে।<br>• তৃতীয় পক্ষীয় সেবা গ্রহণ: প্রকল্পের ০৭টি প্যাকেজের বিপরীতে শ্রীকাইল নর্থ- ১ এ সেবাসমূহ গ্রহণ করা হয়েছে। |

৩.০। **পর্যবেক্ষণ/সুপারিশ:** সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সুপারিশসমূহ গৃহীত হয়:

(ক) কৈলাশটিলা-৮ নং (অনুসন্ধান কূপ) খনন প্রকল্পের ভূমি উন্নয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করে রিগ শিডিউল অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে Spud-in শুরু করার লক্ষ্যে সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করতে হবে;

(খ) কৈলাশটিলা-৮ নং (অনুসন্ধান কূপ) খনন প্রকল্পের তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা গ্রহণ কাজ ত্বরান্বিত করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

(গ) কৈলাশটিলা-২নং কূপের ওয়ার্কওভার কাজ শেষে দ্রুত উৎপাদনে আনার লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করতে হবে:

(ঘ) কৈলাশটিলা-২, রশিদপুর-২, রশিদপুর-৫ ও সিলেট-৭নং কূপ ওয়ার্কওভার প্রকল্পের ক্রয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে:

(ঙ) সিলেট-১০ নং কূপটিতে মে ২০২৩ নাগাদ Spud-in শুরু করার বিষয়টি নিশ্চিত করতে হবে এবং

(চ) আনুষঙ্গিক অন্যান্য কাজসমূহ যেমন: ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ এবং সংযোগ রাস্তা নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করে কর্মপরিকল্পনা অনুযায়ী সুন্দলপুর-৩ ও বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট) কূপ খনন কাজ শুরু করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৪.০। সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/০৪/২০২৩

মোঃ হুমায়ুন কবীর
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি।